



বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ১, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ ও বন মন্ত্রণালয়

শাখা-৪

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ই চৈত্র ১৪০৯/৩১শে মার্চ ২০০৩

এস. আর. ও নং ৮৮-আইন/২০০৩।—বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯০ (১৯৯৫ সনের ১ নং আইন) এর ধারা ২০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার পরিবেশ সংরক্ষণ বিধিমালা ১৯৯৭ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালায়—

(ক) বিধি ৪ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৪ প্রতিস্থাপিত হইলে, যথা :—

“৪। স্বাস্থ্য হানিকর ও পরিবেশের জন্য ক্ষতিকর ধোয়া সৃষ্টিকারী মোটরযান সম্পর্কিত ব্যবস্থা।—(১) আইনের ধারা ৬ এর উদ্দেশ্য পূরণকালে, পেট্রোল, ডিজেল বা গ্যাস চালিত প্রতিটি মোটরযানে (motor vehicle) ক্যাটালাইটিক কনভার্টার, অয়িডেশন ক্যাটালিস্ট বা ডিজেল পার্টিকুলেট ফিল্টার বা মহাপরিচালক কর্তৃক অনুমোদিত এমন কোন যন্ত্র বা কোষ্ঠে সংযোজন করিবে হইলে যেন উক্ত যান হইতে নিঃসরণের মানমাত্রা অফিসিল-৬ এ বর্ণিত মানমাত্রা অতিক্রম না করে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত যন্ত্রপাতি সংযোজন না করিয়া কোন মোটরযান চালানো হইলে উহাকে স্বাস্থ্য হানিকর বা পরিবেশের জন্য ক্ষতিকর ধোয়া সৃষ্টিকারী যানবাহন নালিয়া দণ্ড করা হইলে এবং তজন্য উক্ত যানের মালিক বা চালক বা যাত্রায় কেন্দ্রে উভয়েই আইনের ধারা ১৫ (১) এবং টেবিলের ক্রমিক নং ৩ এর বিপরীতে উল্লিখিত দণ্ডে দণ্ডনীয় হইবেন।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত দণ্ড আরোপ করা হইলে উহা মহাপরিচালক কর্তৃক নিম্নরূপ আকারে ও তৎকর্তৃক নির্ধারিত দেয়াদের জন্য সংশ্লিষ্ট মোটরযানের দৃশ্যমান কোন অংশে না মহাপরিচালক কর্তৃক নির্ধারিত কোন দলিলে সংক্ষিপ্ত আকারে লিপিবদ্ধ বা প্রক্রান্ত প্রদর্শন করিবে।”।

(৬) বিধি ৭ক এবং ৭খ এর পরিবর্তে নিম্নলিখিত বিধি ৭ক ও ৭খ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“৭ক। সূত্রণ নিয়ন্ত্রণাধীন সবস —বিধি ৪ এর উপ-বিধি (১) এ উন্নিয়িত যন্ত্রপাতি সংযোজনের এবং Motor Vehicles Ordinance, 1983 (LV of 1983) এর অধীন বাংলাদেশ রোড ট্রাল্যাপোর্ট অথবাইটি কর্তৃক রেজিস্ট্রেশন প্রদান ও ফিটনেস সার্টিফিকেট ডায়া বা, ফেরেমট, মোবালের ২ (দুই) মাসের মধ্যে মেটেরিয়ানের মালিক ফরম ৪ মোতাবেক মহাপরিচালকের নিকট হইতে “সূত্রণ নিয়ন্ত্রণাধীন সবস” সংগ্রহ করিবে।

৭খ। পরিবেশের জন্য ক্ষতিকর খোয়া নিয়ন্ত্রক যন্ত্রপাতি আয়োজনী ও বাজারজাতকরণের শর্ত —বিধি ৪(১) এ উন্নিয়িত যন্ত্রপাতি আয়োজনী বা বাজারজাতক করিবার প্রার্থ আয়োজনীকরণ বা ক্ষেত্রমত, বাজারজাতকারী উক্ত যন্ত্রপাতি প্রদর্শনীর মাধ্যমে উহার কার্যকরতা প্রমাণ সাপেক্ষে মহাপরিচালকের নিকট হইতে লিখিত অনুমোদন প্রাপ্ত করিবেন।”।

রাষ্ট্রপতির আদেশক্রম

সাবিহউদ্দিন আহমেদ
সচিব।